



## বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন

গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল) এর  
ট্রান্সমিশন চার্জ আদেশ

বিইআরসি আদেশ নম্বর: ২০১৯/০১

তারিখ: ৩০ জুন ২০১৯

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন

টিসিবি ভবন (৪র্থ তলা)

১ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

[www.berc.org.bd](http://www.berc.org.bd)

## সূচীপত্র

<u>অনুচ্ছেদ</u>	<u>বিষয়াবলী</u>	<u>পৃষ্ঠা</u>
১	আবেদনের সংক্ষিপ্ত বিবরণ	১
২	আবেদন পরীক্ষা-নিরীক্ষা	২
৩	আবেদন কমিশন কর্তৃক আনুষ্ঠানিকভাবে গ্রহণ	২
৪	আবেদন কারিগরি মূল্যায়ন কমিটি (TEC) কর্তৃক মূল্যায়ন	২
৫	গণশুনানি	৬
৬	গণশুনানি-পরবর্তী মতামত	৯
৭	কমিশনের পর্যালোচনা	১০
৮	ট্রান্সমিশন চার্জ আদেশ	১৩



বিইআরসি আদেশ নম্বর: ২০১৯/০১

## গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল) এর ট্রান্সমিশন চার্জ আদেশ

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ২২(খ) এবং ৩৪ অনুসারে গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল) এর ট্রান্সমিশন চার্জ পরিবর্তনের প্রস্তাবের বিষয়ে আগ্রহী পক্ষগণকে গণশুনানি প্রদানপূর্বক বিস্তারিত পর্যালোচনান্তে অদ্য ৩০ জুন ২০১৯ তারিখে এ আদেশ দেয়া হলো।

### ১.০ আবেদনের সংক্ষিপ্ত বিবরণ

১.১ গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল) ট্রান্সমিশন চার্জ প্রতি ঘনমিটার ০.৪২৩৫ টাকা থেকে ২০১৮-১৯ অর্থবছরে ০.৫৪২০ টাকায় এবং ২০১৯-২০ অর্থবছরে ০.৬৪৪৩ টাকায় নির্ধারণের জন্য তাদের ২৯ জানুয়ারি ২০১৯ তারিখে ২৮.১৪.০০০০.১৫৫.০৫.০০১.১৯.০০০৩ নম্বর স্মারকের মাধ্যমে কমিশনে প্রস্তাব দাখিল করে। পরবর্তীতে প্রতি ঘনমিটার ট্রান্সমিশন চার্জ ২০১৮-১৯ অর্থবছরে ০.৫৬৬৫ টাকায় এবং ২০১৯-২০ অর্থবছরে ০.৫৬৭৬ টাকায় নির্ধারণের জন্য ৬ মার্চ ২০১৯ তারিখে ২৮.১৪.০০০০.১৫৫.০৫.০০১.১৯.০০০৩ নম্বর স্মারকের মাধ্যমে সংশোধিত প্রস্তাব দাখিল করে। জিটিসিএল ট্রান্সমিশন চার্জ বৃদ্ধির উক্ত প্রস্তাবের সপক্ষে সঞ্চালন পাইপলাইনে পিগিং কার্যক্রম এবং পাইপলাইন ও কম্প্রসর স্টেশন রক্ষণাবেক্ষণ বিবেচনায় মেরামত ও রক্ষণাবেক্ষণ ব্যয় বৃদ্ধি, জনবল খাতে নতুন নিয়োগের জন্য ব্যয় বৃদ্ধি, দেশের ক্রমবর্ধমান গ্যাসের চাহিদা নিরসনকল্পে বিদেশ থেকে এলএনজি আমদানির প্রয়োজনে জিটিসিএল এর নিজস্ব অর্থায়নে প্রকল্প বাস্তবায়ন ইত্যাদি বিষয় উল্লেখ করা হয়েছে। প্রস্তাবে আরও উল্লেখ করা হয়েছে যে, ট্রান্সমিশন চার্জ বৃদ্ধি করা না হলে জিটিসিএল এর পক্ষে নিজস্ব অর্থায়নে প্রকল্প বাস্তবায়ন এবং Debt Service Liabilities (DSL) পরিশোধসহ দৈনন্দিন ব্যয় নির্বাহ অসম্ভব হয়ে পড়বে এবং কোম্পানীতে তারল্য সংকট সৃষ্টি হবে।

১.২ প্রস্তাবে জিটিসিএল আরও উল্লেখ করে যে, ২০১৮-১৯ অর্থবছরে গ্যাস সঞ্চালনের পরিমাণ ধরা হয়েছে ২৪,২৩৮.৮০ মিলিয়ন ঘনমিটার, যা হতে ০.২৫% হারে সঞ্চালন সিস্টেম লস বাদ দিলে দাঁড়ায় ২৪,১৭৮.২০ মিলিয়ন ঘনমিটার। ২০১৯-২০ অর্থবছরে গ্যাস সঞ্চালনের পরিমাণ ধরা হয়েছে ৩০,৮৯৬.৪৫ মিলিয়ন ঘনমিটার, যা হতে ০.২৫% সঞ্চালন সিস্টেম লস বাদ দিলে দাঁড়ায় ৩০,৮১৯.২১ মিলিয়ন ঘনমিটার। জিটিসিএল এর প্রস্তাবে ২০১৮-১৯ অর্থবছরে দৈনিক গড়ে ৩১৩ মিলিয়ন ঘনফুট বা বার্ষিক ৩,২৩১.০০ মিলিয়ন ঘনমিটার এবং ২০১৯-২০ অর্থবছরে দৈনিক গড়ে ১,০০০ মিলিয়ন ঘনফুট [প্রথম পর্যায়ে Excelerate Energy Bangladesh Limited (EEBL) কর্তৃক স্থাপিত Floating Storage and Re-gasification Unit-FSRU এর মাধ্যমে ৫০০ মিলিয়ন ঘনফুট এবং দ্বিতীয় পর্যায়ে Summit LNG Terminal Co কর্তৃক স্থাপিত FSRU এর মাধ্যমে ৫০০ মিলিয়ন ঘনফুট] বা বার্ষিক ১০,৩৩৫.৬৪ মিলিয়ন ঘনমিটার এলএলএনজি আমদানি বিবেচনায় আমদানিকৃত এলএনজি সঞ্চালন বিবেচনা করা হয়েছে।

M